

অথবা

কলা স্নাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০২৩

(দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সিমেস্টার)

বাংলা

কোর্স : পি.জি.-৪.৫৫এ

রবীন্দ্রনাথ : বিবিধ

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

- ১। ‘নবপর্যায় বঙ্গদর্শন’ সম্পাদনার ক্ষেত্রে রবীন্দ্রনাথ ঠাকুর কোন কোন অভিনবত্ব এনেছিলেন এবং তাঁর সম্পাদনায় এই পত্রিকা কীভাবে স্বতন্ত্র সাহিত্যপত্র হিসাবে আত্মপ্রকাশ করেছিল তার পরিচয় দাও।

অথবা

- ২। সম্পাদনার সূত্রে ‘ঠাকুরবাড়ি’ থেকে প্রকাশিত কোন কোন পত্রিকার সঙ্গে রবীন্দ্রনাথ যুক্ত ছিলেন? সম্পাদক রবীন্দ্রনাথের মৌলিক চিন্তার ছাপ কীভাবে পত্রিকাগুলির উৎকর্ষ সাধন করেছিল আলোচনা করো।
- ৩। রবীন্দ্র-গ্রন্থের সম্পাদনা করতে গেলে বিশেষভাবে জানা প্রয়োজন গ্রন্থনির্মাণ বিষয়ে রবীন্দ্রনাথের নিজের চর্চা, জ্ঞান ও মতামতের নানা প্রসঙ্গ। উদাহরণের সাহায্যে বিষয়টি বুঝিয়ে লেখো।

অথবা

- ৪। রবীন্দ্রনাথের চিঠিপত্র সম্পাদনার সময়ে সম্পাদকের মূল বিবেচনার জায়গাগুলি কী কী হওয়া উচিত বলে তুমি মনে কর? বুঝিয়ে লেখো।
- ৫। ‘বিসর্জন’ নাটকের নানান সংস্করণ পেরিয়েও রবীন্দ্রনাথকে কেন নাটকটির সামগ্রিক রূপটি সম্পর্কে অসন্তুষ্ট লাগে? আলোচনা করো।

[ Turn over

- ৬। ‘রক্তকরবী’র দশটি পাঠে রূপান্তরের মূল প্রবণতাগুলিকে চিহ্নিত করো এবং তার পরিচয় দাও।
- ৭। নিজের কবিতা অনুবাদ করার সময় রবীন্দ্রনাথ কি আক্ষরিক অনুবাদের উপর জোর দেন, নাকি তাঁর অনুবাদগুলি হয়ে ওঠে বস্তুত পুনর্নির্মাণ? কয়েকটি উদাহরণের সাহায্যে তোমার মতামত বুঝিয়ে লেখো।